


# ভবিষ্যৎ আর্থিক ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার দক্ষতা বাড়ানোর তাগিদ

■ **ইত্তেফাক রিপোর্ট**

বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক করতে হলে উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক দক্ষতা ও ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসিতে সমৃদ্ধ হওয়া একান্ত জরুরি বলে মন্তব্য করেছেন বিশেষজ্ঞরা।

তাদের দাবি, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা আর কেবল প্রযুক্তি খাতে সীমাবদ্ধ নেই; বরং আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা, ঝুঁকি বিশ্লেষণ ও আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে এটি বৈপ্লবিক পরিবর্তন এনে দিচ্ছে।

গতকাল শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর 'এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় তারা এসব কথা জানান।

বিসিআইয়ের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজের সভাপতিত্বে ও বিসিআইয়ের সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিনের পরিচালনায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট) মো. ইমদাদুল ইসলাম, সীমান্ত ব্যাংক পিএলসির এসএমই ব্যাংকিংয়ের সিনিয়র ম্যানেজার এবং হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইং সঞ্জয় পাল। কর্মশালায় বিসিআইয়ের সদস্য ও বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়াও বিসিআইয়ের সিনিয়র সহসভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত ছিলেন।

এ সময় আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়টি বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু প্রযুক্তি খাতেই নয়, আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা এবং আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসছে। বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে হলে আমাদের উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও এআই ভিত্তিক দক্ষতায় সমৃদ্ধ হতে হবে।

তিনি বলেন, ফিন্যান্সিয়াল লিটারেসি এখন আর শুধু হিসাব জানা নয়, বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা ট্রাকিং, ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা। তিনি আরো বলেন, বিসিআই সব সময়ই শিল্প খাতের সক্ষমতা বৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং প্রযুক্তি অভিযোজনের পক্ষে কাজ করে আসছে। এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা আমাদের সদস্য প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করবে বলে আমি বিশ্বাস করি। ড. মো. হেলাল উদ্দিন বলেন, বর্তমানে বিশ্বে ৬৩ শতাংশ প্রতিষ্ঠান এআই ফর ফাইন্যান্স এর ব্যবহার শুরু করেছে এবং আগামী ৩ বছরের মধ্যে তা ৮৪ শতাংশে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে।

এ সময় বিসিআইয়ের সিনিয়র সহসভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং নিজেদের আগামীর বিশ্বের জন্য প্রস্তুত করে তোলার জন্য আহ্বান জানান।

কর্মশালার দ্বিতীয় ভাগে 'এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি' বিষয়ে মো. ইমদাদুল ইসলাম ও সঞ্জয় পাল দুটি সেশনের মাধ্যমে তাদের বক্তব্য উপস্থাপন করেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। প্রথম সেশনে আলোচক এআই কীভাবে প্রতিষ্ঠানের ফিন্যান্সিয়াল অপারেশনস-এ নির্ভুলভাবে কাজ করতে সহায়তা করে তা তুলে ধরেন এবং বাস্তবভিত্তিক উদাহরণ তুলে ধরেন। পাশাপাশি অংশগ্রহণকারীদের প্রতিটি বিষয় সহজভাবে বোঝানোর চেষ্টা করেন। অপরদিকে দ্বিতীয় সেশনে আলোচক ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি বিষয়ে অংশগ্রহণকারীদের ধারণা দেন। তিনি বলেন, বর্তমানে ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি আমাদের ব্যক্তিগত কাজ, ক্ষুদ্র ব্যবসা এবং সব ব্যবসায়িক কার্যক্রমের জন্য নিজে জানা ও অন্যদের জানানো অত্যন্ত আবশ্যক।

দৈনিক জনকণ্ঠ
প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ
The Daily Janakantha

রবিবার, ১ ফেব্রুয়ারি, ২০২৬



# ব্যবসা-বাণিজ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি বাড়ানোর ওপর গুরুত্বারোপ

**অর্থনৈতিক রিপোর্টার** ॥ ব্যবসা-বাণিজ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তি বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)। শনিবার বিসিআইয়ের আয়োজনে বিসিআই বোর্ডরুমে AI for Finance and Digital Financial Literac শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিসিআইএর সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ), আলোচক/ট্রেইনার হিসেবে উপস্থিত ছিলেন মো. ইমদাদুল ইসলাম, সিনিয়র ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট), নেটকম লার্নিং বাংলাদেশ ও সঞ্জয় পাল, সিনিয়র ম্যানেজার, এসএমই ব্যাংকিং অ্যান্ড হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইং, সীমান্ত ব্যাংক পিএলসি।

কর্মশালায় বিসিআইএর সদস্য ও বিভিন্ন শিল্প-প্রতিষ্ঠান থেকে ২০ জনপ্রতিনিধি অংশগ্রহণ করেন। এ ছাড়াও কর্মশালায় বিসিআইএর সিনিয়র সহ-সভাপতি মিসেস প্রীতি চক্রবর্তী উপস্থিত ছিলেন। বিসিআইএর সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিন, এনডিসি উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন। তিনি বলেন বর্তমানে বিশ্বে ৬৩% প্রতিষ্ঠান AI for Finance-এর ব্যবহার শুরু করেছে এবং আগামী ৩ বছরের মধ্যে তা ৮৪% এ দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে। বিসিআইএর সিনিয়র সহ-সভাপতি মিসেস প্রীতি চক্রবর্তী উপস্থিত প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং নিজেকে আগামীর বিশ্বের জন্য প্রস্তুত করে তোলার জন্য আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান বিশ্বে টিকে থাকতে হলে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তি কাজে লাগিয়ে এগিয়ে যেতে হবে। এ বিষয়ে উদ্যোক্তাদেরও নতুন করে চিন্তা-ভাবনা ও পরিকল্পনা গ্রহণ করতে হবে।

আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ), সভাপতি, বিসিআই বলেন, এআই বিষয়টি বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) শুধু প্রযুক্তি খাতেই নয়, আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা এবং আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসছে। বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে হলে আমাদের উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও অও ভিত্তিক দক্ষতায় সমৃদ্ধ হতে হবে। Financial Literacy এখন আর শুধু হিসাব জানা নয় বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা ট্র্যাকিং, ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা। তিনি আরও বলেন, বিসিআই সব সময়ই শিল্প খাতের সক্ষমতা বৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং প্রযুক্তি অভিযোজনের পক্ষে কাজ করে আসছে। এই ধরনের প্রশিক্ষণ কর্মশালা আমাদের সদস্য প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করবে বলে আমি বিশ্বাস করি। কর্মশালার দ্বিতীয় ভাগে AI for Finance and Digital Financial Literacy-এর ওপর আলোচক মো. ইমদাদুল ইসলাম ও জনাব সঞ্জয় পাল ২টি সেশনের মাধ্যমে তার বক্তব্য উপস্থাপন করেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। ১ম সেশনে আলোচক অও কিভাবে প্রতিষ্ঠানের Financial Operations-এ নির্ভুলভাবে কাজ করতে সহায়তা করে তা তুলে ধরেন এবং বাস্তবভিত্তিক Example তুলে ধরেন এবং অংশগ্রহণকারীদের প্রতিটি বিষয় সহজভাবে বুঝিয়ে দেওয়ার চেষ্টা করেন।

**বিসিআইয়ের প্রশিক্ষণ কর্মশালা**

সমকাল
রোববার, ০১ ফেব্রুয়ারি ২০২৬

কর্মশালায় বিসিআই সভাপতি

# আর্থিক শিক্ষা শুধু হিসাব জানা নয়

■ **সমকাল প্রতিবেদক**

‘ফিন্যান্সিয়াল লিটারেসি’ বা আর্থিক শিক্ষা এখন আর শুধু আয়-ব্যয় হিসাব জানা নয়; বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, তথ্য নজরদারি (ডেটা ট্র্যাকিং), ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা। এ দক্ষতা আধুনিক ব্যবসা-বাণিজ্যের মূল ভিত্তি হয়ে উঠেছে। এ বাস্তবতাকে সামনে রেখে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) ‘অর্থায়নে কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল আর্থিক শিক্ষা’ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে।

গতকাল শনিবার রাজধানীর তেজগাঁওয়ে বিসিআই কার্যালয়ে অনুষ্ঠিত কর্মশালায় বিসিআইয়ের সদস্য প্রতিষ্ঠানসহ বিভিন্ন শিল্প খাতের ২০ জন প্রতিনিধি অংশ নেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ)। উপস্থিত ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ব্যবস্থাপক ইমদাদুল ইসলাম এবং সীমান্ত ব্যাংকের সিনিয়র ব্যবস্থাপক এবং আর্থিক সাক্ষরতা বিভাগের প্রধান সঞ্জয় পাল।



# টেকসই ব্যবসার জন্য এআই দক্ষতা জরুরি

## বিসিআই কর্মশালায় বক্তারা

নিজস্ব প্রতিবেদক

দেশের শিল্প-ব্যবসা টেকসই ও প্রতিযোগিতামূলক করতে হলে উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান এবং এআই ভিত্তিক দক্ষতায় সমৃদ্ধ হতে হবে বলে মন্তব্য করেছেন বিশিষ্টজনেরা। তাদের মতে, এখন আর শুধু হিসাব জানা নয় বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা ট্র্যাকিং, ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা জরুরি।

গতকাল শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) আয়োজনে বিসিআই বোর্ডরুমে 'ডিজিটাল অর্থায়নের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানে তারা এসব কথা বলেন। কর্মশালার শেষ ভাগে অংশগ্রহণকারীদের মতামত গ্রহণ করা হয় এবং সবার কাছে আনুষ্ঠানিকভাবে সার্টিফিকেট বিতরণ করা হয়।

কর্মশালার উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ), আলোচক ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ম্যানেজার মো. ইমদাদুল ইসলাম ও সীমান্ত ব্যাংকের এসএমই ব্যাংকিং অ্যান্ড হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইংয়ের সিনিয়র ম্যানেজার সঞ্জয় পাল। কর্মশালায় বিসিআই সদস্য ও বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

বিসিআই সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিন উদ্বোধনী অধিবেশন পরিচালনা করেন। এ সময় তিনি বলেন, বর্তমানে বিশ্বে ৬৩ শতাংশ প্রতিষ্ঠান অর্থায়নের জন্য এআইয়ের ব্যবহার শুরু করেছে এবং আগামী ৩ বছরের মধ্যে তা ৮৪ শতাংশে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে।

বিসিআই সভাপতি বলেন, এআই বিষয়টি বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু প্রযুক্তি খাতেই নয়, আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা এবং আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসছে।

দায়িত্বশীলদের দৈনিক দেশ রূপান্তর

Jago NEWS 24

# ‘ভবিষ্যৎ আর্থিক ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার দক্ষতা অপরিহার্য’

✎ বিশেষ সংবাদদাতা

🕒 প্রকাশিত: ০৩:৫৮ পিএম, ৩১ জানুয়ারি ২০২৬




*‘এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় অতিথিরা*

বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক করতে হলে উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক দক্ষতা ও ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসিতে সমৃদ্ধ হওয়া একান্ত জরুরি বলে মন্তব্য করেছেন বিশেষজ্ঞরা।

তাদের দাবি, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা আর কেবল প্রযুক্তি খাতে সীমাবদ্ধ নেই; বরং আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা, ঝুঁকি বিশ্লেষণ ও আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে এটি বৈপ্লবিক পরিবর্তন এনে দিচ্ছে।

শনিবার (৩১ জানুয়ারি) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর ‘এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় তারা এসব কথা জানান।

বিসিআইয়ের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজের সভাপতিত্বে ও বিসিআইয়ের সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিনের পরিচালনায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট) মো. ইমদাদুল ইসলাম, সীমান্ত ব্যাংক পিএলসির এসএমই ব্যাংকিংয়ের সিনিয়র

ম্যানেজার এবং হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইং সঞ্জয় পাল। কর্মশালায় বিসিআইয়ের সদস্য ও বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়াও বিসিআইয়ের সিনিয়র সহ-সভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত ছিলেন।

এ সময় আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়টি বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু প্রযুক্তি খাতেই নয়, আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা এবং আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসছে। বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে হলে আমাদের উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও এআই ভিত্তিক দক্ষতায় সমৃদ্ধ হতে হবে।

তিনি বলেন, ফিন্যান্সিয়াল লিটারেসি এখন আর শুধু হিসাব জানা নয়, বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা ট্রাকিং, ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা।

তিনি আরও বলেন, বিসিআই সবসময়ই শিল্পখাতের সক্ষমতা বৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং প্রযুক্তি অভিযোজনের পক্ষে কাজ করে আসছে। এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা আমাদের সদস্য প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করবে বলে আমি বিশ্বাস করি।

ড. মো. হেলাল উদ্দিন বলেন, বর্তমানে বিশ্বে ৬৩ শতাংশ প্রতিষ্ঠান এআই ফর ফাইন্যান্স এর ব্যবহার শুরু করেছে এবং আগামী ৩ বছরের মধ্যে তা ৮৪ শতাংশে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে।

এ সময় বিসিআইয়ের সিনিয়র সহ-সভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং নিজেদের আগামীর বিশ্বের জন্য প্রস্তুত করে তোলার জন্য আহ্বান জানান।

কর্মশালার দ্বিতীয় ভাগে 'এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি' বিষয়ে মো. ইমদাদুল ইসলাম ও সঞ্জয় পাল দুটি সেশনের মাধ্যমে তাদের বক্তব্য উপস্থাপন করেন এবং অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

প্রথম সেশনে আলোচক এআই কীভাবে প্রতিষ্ঠানের ফিন্যান্সিয়াল অপারেশনস-এ নির্ভুলভাবে কাজ করতে সহায়তা করে তা তুলে ধরেন এবং বাস্তবভিত্তিক উদাহরণ তুলে ধরেন। পাশাপাশি অংশগ্রহণকারীদের প্রতিটি বিষয় সহজভাবে বোঝানোর চেষ্টা করেন।

অপরদিকে দ্বিতীয় সেশনে আলোচক ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি বিষয়ে অংশগ্রহণকারীদের ধারণা দেন। তিনি বলেন, বর্তমানে ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি আমাদের ব্যক্তিগত কাজ, ক্ষুদ্র ব্যবসা এবং সব ব্যবসায়িক কার্যক্রমের জন্য নিজে জানা ও অন্যদের জানানো অত্যন্ত আবশ্যক।

*আইএইচও/ইএ*

# AI skills and digital financial literacy essential for sustainable industrial growth: Experts

UNB NEWS   PUBLISH- JANUARY 31, 2026, 06:33 PM   UNB NEWS
UPDATE- JANUARY 31, 2026, 06:36 PM




Experts and industry leaders emphasized that entrepreneurs, managers, and young professionals must gain proficiency in Artificial Intelligence (AI) and digital financial literacy to ensure Bangladesh's industrial sector remains sustainable and globally competitive.

They made the remarks while speaking at a training workshop titled 'AI for Finance and Digital Financial Literacy' held on Saturday (January 31). The workshop was organized by the Bangladesh Chamber of Industries (BCI) in its office in Tejgaon I/A, Dhaka.

The speakers noted that AI is no longer confined to the tech sector. Instead, it is revolutionizing financial management, business operations, risk analysis, and financial inclusion in the era of the Fourth Industrial Revolution (4IR).

Anwar-ul Alam Chowdhury (Parvez), President of BCI, presided over the inaugural ceremony. He highlighted that adapting to AI is a necessity rather than an option for modern businesses.

"Financial literacy is no longer just about basic accounting; it is about secure digital transactions, data tracking, risk analysis, and the ability to make informed decisions using technology," said Anwar-ul Alam.

He added that BCI is committed to enhancing industrial capacity and preparing human resources to meet future challenges through technology adaptation.

Dr. Md. Helal Uddin, Secretary General of BCI, shared striking global statistics during the session.

He noted that currently, 63 percent of organizations worldwide have started using AI for finance. This figure is projected to rise to 84 percent within the next three years.

Preeti Chakraborty, Senior Vice President of BCI, welcomed the trainees and urged them to prepare themselves for a rapidly evolving global market.

The workshop featured two specialized technical sessions conducted by:

Md. Imdadul Islam, Senior Manager, NetCom Learning Bangladesh) and

Sanjoy Paul, head of financial literacy wing, Shimanto Bank PLC.

The first session focused on how AI ensures accuracy in financial operations through real-world examples. The second session addressed the necessity of digital financial literacy for personal use, small businesses, and large-scale corporate operations.

The event saw participation from 20 representatives across various BCI member organizations and industrial firms.

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

# বিসিআইয়ের উদ্যোগে কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল আর্থিক সাক্ষরতা বিষয়ক প্রশিক্ষণ

৩১ জানুয়ারি ২০২৬, ১৬:৩৫ | বাসস



প্রতীকী ছবি

ঢাকা, ৩১ জানুয়ারি, ২০২৬ (বাসস) : বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) আয়োজনে আজ সকালে বিসিআই বোর্ডরুমে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক আর্থিক ব্যবস্থাপনা ও ডিজিটাল আর্থিক সাক্ষরতা বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ)। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা আর্থিক ব্যবস্থাপনা ও ব্যবসা পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে উদ্যোক্তা ও পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জন জরুরি।

অনুষ্ঠানে বিসিআই সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিন বলেন, বর্তমানে বিশ্বে আর্থিক ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার দ্রুত বাড়ছে এবং ভবিষ্যতে এর ব্যবহার আরও বিস্তৃত হবে।

কর্মশালায় আলোচক হিসেবে বক্তব্য রাখেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ব্যবস্থাপক মো. ইমদাদুল ইসলাম এবং সীমান্ত ব্যাংক পিএলসি'র সিনিয়র ব্যবস্থাপক ও আর্থিক সাক্ষরতা শাখার প্রধান সঞ্জয় পাল।

কর্মশালায় বিসিআইয়ের সদস্যসহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মশালার শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

---

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

bss.org.bd
National Portal of BSS

# AI skills, digital financial literacy key for industrial growth: experts

United News of Bangladesh . Dhaka    01 February, 2026, 00:04




Experts and industry leaders emphasised that entrepreneurs, managers, and young professionals must gain proficiency in artificial intelligence and digital financial literacy to ensure Bangladesh's industrial sector remains sustainable and globally competitive.

They made the remarks while speaking at a training workshop titled 'AI for Finance and Digital Financial Literacy' held on Saturday. The workshop was organised by the Bangladesh Chamber of Industries at its office at Tejgaon I/A in the capital.




The speakers noted that AI was no longer confined to the tech sector. Instead, it is revolutionizing financial management, business operations, risk analysis, and financial inclusion in the era of the Fourth Industrial Revolution (4IR).

Anwar-ul Alam Chowdhury (Parvez), president of BCI, presided over the inaugural ceremony. He highlighted that adapting to AI was a necessity rather than an option for modern businesses.

'Financial literacy is no longer just about basic accounting; it is about secure digital transactions, data tracking, risk analysis, and the ability to make informed decisions using technology,' said Anwar-ul Alam.

He added that BCI was committed to enhancing industrial capacity and preparing human resources to meet future challenges through technology adaptation.

Md Helal Uddin, secretary general of BCI, shared striking global statistics during the session.

He noted that currently, 63 per cent of organisations worldwide had started using AI for finance. This figure is projected to rise to 84 per cent within the next three years.

Preeti Chakraborty, senior vice-president of BCI, welcomed the trainees and urged them to prepare themselves for a rapidly evolving global market.

The workshop featured two specialized technical sessions conducted by Md Imdadul Islam, senior manager, NetCom Learning Bangladesh) and Sanjoy Paul, head of financial literacy wing, Shimanto Bank PLC.

The first session focused on how AI ensures accuracy in financial operations through real-world examples. The second session addressed the necessity of digital financial literacy for personal use, small businesses, and large-scale corporate operations.

The event saw participation from 20 representatives across various BCI member organisations and industrial firms.

**Tags** #AI skills #digital financial literacy #industrial growth #artificial intelligence #Bangladesh

NEWAGE

Editor: Nurul Kabir, Published by the Chairman, Editorial Board ASM Shahidullah Khan on behalf of Media New Age Ltd.

Hamid Plaza (4th floor), 300/5/A/1, Bir Uttam CR Datta Road, Hatirpool, Dhaka-1205
PABX: +8802 41062247-50, Fax: +8802-41062245

newage.editorial@gmail.com

Copyright © New Age - Media New Age Limited or its affiliated companies. All rights reserve.




মানবজমিন

ঢাকা, ২ ফেব্রুয়ারি ২০২৬, সোমবার, ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ



অর্থ-বাণিজ্য


# ভবিষ্যৎ আর্থিক ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার দক্ষতা অপরিহার্য: বিসিআই

অর্থনৈতিক রিপোর্টার

(১ দিন আগে) ৩১ জানুয়ারি ২০২৬, শনিবার, ৬:৫৩ অপরাহ্ণ




বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক করতে হলে উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক দক্ষতা ও ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসিতে সমৃদ্ধ হওয়া একান্ত জরুরি বলে মন্তব্য করেছেন বিশেষজ্ঞরা।








তাদের দাবি, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা আর কেবল প্রযুক্তি খাতে সীমাবদ্ধ নেই; বরং আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা, ঝুঁকি বিশ্লেষণ ও আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে এটি বৈপ্লবিক পরিবর্তন এনে দিচ্ছে।

বিজ্ঞাপন

অর্থ-বাণিজ্য সর্বাধিক পঠিত

১ খেলাপি ঋণ আদায়ে দৃষ্টান্ত স্থাপন রূপালী ব্যাংকের

২ আকুর বিল পরিশোধের পর কমলো রিজার্ভ

৩ ইতিহাসে স্বর্ণের দামে নতুন রেকর্ড

স্বর্ণের দাম ভরিতে বাড়লো

শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর ‘এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় তারা এসব কথা জানান।

বিসিআইয়ের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজের সভাপতিত্বে ও বিসিআইয়ের সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিনের পরিচালনায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট) মো. ইমদাদুল ইসলাম, সীমান্ত ব্যাংক পিএলসির এসএমই ব্যাংকিংয়ের সিনিয়র ম্যানেজার এবং হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইং সঞ্জয় পাল। কর্মশালায় বিসিআইয়ের সদস্য ও বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়াও

পারভেজ বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়টি বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত প্রাসঙ্গিক ও সময়োপযোগী। চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু প্রযুক্তি খাতেই নয়, আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা এবং আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসছে। বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে হলে আমাদের উদ্যোক্তা, ব্যবস্থাপক এবং তরুণ পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও এআই ভিত্তিক দক্ষতায় সমৃদ্ধ হতে হবে।

তিনি বলেন, ফিন্যান্সিয়াল লিটারেসি এখন আর শুধু হিসাব জানা নয়, বরং নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা ট্রাকিং, ঝুঁকি বিশ্লেষণ এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা গড়ে তোলা।

তিনি আরও বলেন, বিসিআই সবসময়ই শিল্পখাতের সক্ষমতা বৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং প্রযুক্তি অভিযোজনের পক্ষে কাজ করে আসছে। এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা আমাদের সদস্য প্রতিষ্ঠান ও ব্যবসায়ীদের ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত করবে বলে আমি বিশ্বাস করি।

ড. মো. হেলাল উদ্দিন বলেন, বর্তমানে বিশ্বে ৬৩ শতাংশ প্রতিষ্ঠান এআই ফর ফাইন্যান্স এর ব্যবহার শুরু করেছে এবং আগামী ৩ বছরের মধ্যে তা ৮৪ শতাংশে দাঁড়াবে বলে ধারণা করা হচ্ছে।

এ সময় বিসিআইয়ের সিনিয়র সহ-সভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত প্রশিক্ষণার্থীদের স্বাগত জানান এবং নিজেদের আগামীর বিশ্বের জন্য প্রস্তুত করে তোলার জন্য আহ্বান জানান।

কর্মশালার দ্বিতীয় ভাগে ‘এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি’ বিষয়ে মো. ইমদাদুল ইসলাম


টাকা

৫ এলপিজির নতুন দাম ঘোষণা রোববার

৬ আগে এক লাখ টাকা ঘুস দিতে হতো, এখন লাগে ১০ লাখ: আজম জে চৌধুরী

৭ রেমিট্যান্স পাঠানোর দিনই গ্রাহকের হিসাবে জমা দিতে হবে

৮ সঞ্চয়পত্রের মুনাফার হার কমানোর সিদ্ধান্ত স্থগিত

৯ টাকা তুলতে পারছেন পাঁচ ব্যাংকের আমানতকারীরা

১০ আবারও স্বর্ণের দামে রেকর্ড

দেন।

প্রথম সেশনে আলোচক এআই কীভাবে প্রতিষ্ঠানের ফিন্যান্সিয়াল অপারেশনস-এ নির্ভুলভাবে কাজ করতে সহায়তা করে তা তুলে ধরেন এবং বাস্তবভিত্তিক উদাহরণ তুলে ধরেন। পাশাপাশি অংশগ্রহণকারীদের প্রতিটি বিষয় সহজভাবে বোঝানোর চেষ্টা করেন।

অপরদিকে দ্বিতীয় সেশনে আলোচক ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি বিষয়ে অংশগ্রহণকারীদের ধারণা দেন। তিনি বলেন, বর্তমানে ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি আমাদের ব্যক্তিগত কাজ, ক্ষুদ্র ব্যবসা এবং সব ব্যবসায়িক কার্যক্রমের জন্য নিজে জানা ও অন্যদের জানানো অত্যন্ত আবশ্যক।

আরও জানুন

মন্তব্য করুন

Ads by optAd360

ব্যবসা বাণিজ্যের দৈনিক
আজকের বাজার

সোমবার, ২ ফেব্রুয়ারি ২০২৬

# বিসিআইয়ের উদ্যোগে কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল আর্থিক সাক্ষরতা বিষয়ক প্রশিক্ষণ

প্রকাশিত - জানুয়ারী ৩১, ২০২৬ ৬:৪৫ পিএম



বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) আয়োজনে আজ সকালে বিসিআই বোর্ডরুমে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক আর্থিক ব্যবস্থাপনা ও ডিজিটাল আর্থিক সাক্ষরতা বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ)। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তা আর্থিক ব্যবস্থাপনা ও ব্যবসা পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও প্রতিযোগিতামূলক করতে উদ্যোক্তা ও পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান ও প্রযুক্তিনির্ভর দক্ষতা অর্জন জরুরি।

অনুষ্ঠানে বিসিআই সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিন বলেন, বর্তমানে বিশ্বে আর্থিক ব্যবস্থাপনায় কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার দ্রুত বাড়ছে এবং ভবিষ্যতে এর ব্যবহার আরও বিস্তৃত হবে।

কর্মশালায় আলোচক হিসেবে বক্তব্য রাখেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ব্যবস্থাপক মো. ইমদাদুল ইসলাম এবং সীমান্ত ব্যাংক পিএলসি'র সিনিয়র ব্যবস্থাপক ও আর্থিক সাক্ষরতা শাখার প্রধান সঞ্জয় পাল।

কর্মশালায় বিসিআইয়ের সদস্যসহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মশালার শেষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

Copyright © 2026 আজকের বাজার. All rights reserved.

DhakaMail

# আগামী ৩ বছরে আর্থিক খাতে এআই ব্যবহার পৌঁছাবে ৮৪ শতাংশে

**নিজস্ব প্রতিবেদক**

প্রকাশিত: ৩১ জানুয়ারি ২০২৬, ০৭:৪৭ পিএম




বর্তমানে বিশ্বে প্রায় ৬৩ শতাংশ আর্থিক প্রতিষ্ঠানে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তি ব্যবহার করছে, যা আগামী তিন বছরের মধ্যে ৮৪ শতাংশে পৌঁছাবে। বাংলাদেশের শিল্প ও ব্যবসা খাতকে টেকসই ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক করতে উদ্যোক্তা, ব্যবস্থাপক ও তরুণ পেশাজীবীদের এআইভিত্তিক দক্ষতা এবং ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসিতে সমৃদ্ধ হওয়া এখন সময়ের দাবি বলে মনে করেন বিশেষজ্ঞরা।

তারা বলছেন, চতুর্থ শিল্প বিপ্লবের এই সময়ে কৃত্রিম বুদ্ধিমত্তা আর শুধু প্রযুক্তি খাতেই সীমাবদ্ধ নেই। আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা, ঝুঁকি বিশ্লেষণ ও আর্থিক অন্তর্ভুক্তিতে এআই ইতোমধ্যেই বড় ধরনের পরিবর্তন আনছে।

শনিবার (৩১ জানুয়ারি) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'এআই ফর ফাইন্যান্স অ্যান্ড ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় এসব কথা বলেন বক্তারা।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ। অনুষ্ঠানটি পরিচালনা করেন বিসিআইয়ের সেক্রেটারি জেনারেল ড. মো. হেলাল উদ্দিন। আলোচক ছিলেন নেটকম লার্নিং বাংলাদেশের সিনিয়র ম্যানেজার (বিজনেস ডেভেলপমেন্ট) মো. ইমদাদুল ইসলাম এবং সীমান্ত ব্যাংক পিএলসির এসএমই ব্যাংকিংয়ের সিনিয়র ম্যানেজার ও হেড অব ফিন্যান্সিয়াল লিটারেসি উইং সঞ্জয়

পাল। কর্মশালায় বিসিআইয়ের সদস্যসহ বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের ২০ জন প্রতিনিধি অংশ নেন। এছাড়া বিসিআইয়ের সিনিয়র সহ-সভাপতি প্রীতি চক্রবর্তী উপস্থিত ছিলেন।

আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বর্তমান সময়ের প্রেক্ষাপটে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। এআই এখন শুধু প্রযুক্তি খাতে নয়, বরং আর্থিক ব্যবস্থাপনা, ব্যবসা পরিচালনা ও আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রেও বড় পরিবর্তন আনছে। শিল্প ও ব্যবসা খাতকে টেকসই করতে হলে উদ্যোক্তা ও পেশাজীবীদের ডিজিটাল আর্থিক জ্ঞান এবং এআইভিত্তিক দক্ষতায় এগিয়ে যেতে হবে।

বিসিআই সভাপতি বলেন, ফিন্যান্সিয়াল লিটারেসি এখন আর কেবল হিসাব জানার মধ্যে সীমাবদ্ধ নয়। নিরাপদ ডিজিটাল লেনদেন, ডেটা বিশ্লেষণ, ঝুঁকি ব্যবস্থাপনা এবং প্রযুক্তি ব্যবহার করে সঠিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতাই এখন মূল বিষয়।

ড. মো. হেলাল উদ্দিন জানান, বর্তমানে বিশ্বে প্রায় ৬৩ শতাংশ প্রতিষ্ঠান এআই ফর ফাইন্যান্স ব্যবহার শুরু করেছে এবং আগামী তিন বছরের মধ্যে এই হার ৮৪ শতাংশে পৌঁছাবে বলে ধারণা করা হচ্ছে।

বিসিআইয়ের সিনিয়র সহ-সভাপতি প্রীতি চক্রবর্তী প্রশিক্ষণার্থীদের স্বাগত জানিয়ে বলেন, দ্রুত পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের প্রস্তুত করা ছাড়া বিকল্প নেই।

কর্মশালার দ্বিতীয় পর্বে মো. ইমদাদুল ইসলাম ও সঞ্জয় পাল দুটি আলাদা সেশনে এআই ফর ফাইন্যান্স এবং ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসি বিষয়ে আলোচনা করেন। প্রথম সেশনে এআই কীভাবে প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রমকে আরও নির্ভুল ও কার্যকর করতে পারে, তা বাস্তব উদাহরণ দিয়ে তুলে ধরা হয়। দ্বিতীয় সেশনে ডিজিটাল ফিন্যান্সিয়াল লিটারেসির গুরুত্ব ব্যাখ্যা করে বলা হয়, ব্যক্তিগত জীবন থেকে শুরু করে ক্ষুদ্র ও বড় সব ব্যবসায় নিরাপদ ও সচেতন ডিজিটাল আর্থিক জ্ঞান এখন অপরিহার্য।

*এমআর/ক.ম*

অর্থনীতি | তথ্যপ্রযুক্তি ব্যবসা | কৃত্রিম বুদ্ধিমত্তা | এআই ভিডিও | ব্যাংক | ডিজিটাল